গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-স্বাসেবি/প্রশাসন-১/পিএইচ/২সি-১৬/৯৪- ৯৩০৪

তারিখ: ১১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
২৭ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ সংক্রামক ব্যাধি হাসপাতাল, সিলেট কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ/প্রশাঃ-২/মেডিঃকঃহাঃ/সিএস-অন্যান্য/ছাড়পত্র-১১/১৮ (অংশ-১)/৬১৮৫,তারিখঃ ০৫/০৮/২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্রের এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০/০৩/২০১২ তারিখের স্বাপকম/প্রশা-১/২সি-০৭/২০০৬(অংশ-১)/৪৪৪ সংখ্যক স্মারকের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি বিধান অনুসরণপূর্বক এবং নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) ০৩টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হলো ও নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা	মন্তব্য/ছাড়পত্র না দেওয়ার কারণ
সংক্রামক ব্যাধি হাসপাতাল, সিলেট।	১	ষ্টুয়ার্ড	০১	০০	পদোন্নতির মাধ্যমে পূরণ যোগ্য।
	২	মেডিকেল টেকনোলজিষ্ট (ফার্মাসিষ্ট)	০১	০০	পদনাম সঠিক নয়।
	৩	মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাবঃ)	০১	০১	
	৪	গাড়ি চালক	০১	০১	
	৫	ওয়ার্ড মাষ্টার	০১	০১	
				সর্বমোট ০৩টি	

শর্তাবলী:

(১) সকল আনুষ্ঠানিকতা পালনসহ 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
(২) অস্থায়ী পদসমূহ (যদি থাকে) হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
(৩) পদোন্নতিযোগ্য/বদলিজনিত/চাকুরিচ্যুতিজনিত কারণে শূন্য পদে এবং আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
(৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
(৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
(৬) বর্তমানে ছাড়কৃত ০৩টি পদে পূর্বে ছাড়পত্র গ্রহণ করা হলে/নিয়োগ কার্যক্রম চলমান থাকলে/পদের বিরুদ্ধে মামলা থাকলে জনবল নিয়োগ করা যাবে না;
(৭) সাংগঠনিক কাঠামো ও পদসৃজনের আদেশে অবশ্যই প্রস্তাবিত পদ থাকতে হবে। তবে, পদ সৃজনের আদেশে পদ থাকলে ২০১৮ সালে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার তফসিলে উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবেনা;
(৮) ২০১৮ সালে প্রণীত নিয়োগ বিধিমালায় নেই এমন কোন পদে নিয়োগ দেয়া যাবে না এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য প্রতিটি পদের ক্ষেত্রে শূন্য পদের মধ্যে ১০% পদ সংরক্ষণ রাখতে হবে;

চলমান পাতা-২

(৯) বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগবিধিমালা ২০১৮ অনুসারে নিয়োগের জন্য প্রস্তাবকৃত শূন্য পদ, পদোন্নতিযোগ্য পদ, পদ সৃজন, মামলা মোকাদ্দমা ইত্যাদি যাচাই/বাছাই করে নিয়োগ প্রদানের শর্তে ছাড়পত্র প্রদান করা হল।

২২/০৮/১৮

(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

বিতরণঃ

১। মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)

২। মেডিকেল অফিসার
সংক্রামক ব্যাধি হাসপাতাল, সিলেট

অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২সি-১৭/৯৬-১৩০৫ তারিখঃ ১১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
২৭ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, বরগুনা কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ/প্রশাঃ-২/মেডিঃকঃহাঃ/সিএস-অন্যান্য/ছাড়পত্র-১১/১৮ (অংশ-১)/৬১৮৫,তারিখঃ ০৫/০৮/২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরাধীন ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, বরগুনা কার্যালয়ে ছাড়পত্র প্রদানের জন্য প্রস্তাবিত মেডিকেল টেকনোলজিস্ট (ফার্মাসিস্ট) পদেটি বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৮ এ অন্তর্ভূক্ত নেই।

২। এমতাবস্থায়, উল্লিখিত নিয়োগ বিধিমালা অনুসরণ করে সঠিক পদনাম অনুযায়ী প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

১১/৯/১৯
(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)

অনুলিপিঃ

১। সিষ্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। তত্ত্বাবধায়ক, ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, বরগুনা।
৩। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।